

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া  
তথ্য ও অভিযোগ শাখা



তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা উপদেষ্টা কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ শাহগীর আলম জেলাপ্রশাসক
সভার তারিখ	১৯ জুন, ২০২২
সভার সময়	১২:০০ ঘটিকা
স্থান	জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ, ব্রাহ্মণবাড়িয়া।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। তথ্য কমিশনের নির্দেশনা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারগণ এবং সকল দপ্তর প্রধানগণকে তাদের নিজ নিজ ওয়েবসাইটে তথ্যসমূহ হালনাগাদ করার অনুরোধ করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্যসূচি	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	স্ব স্ব দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা	মন্ত্রিপরিষদ বিভাগের তথ্য অধিকার অধিশাখা এর নির্দেশনা অনুযায়ী স্বপ্রণোদিতভাবে তথ্য ওয়েবপোর্টালে প্রদানযোগ্য তথ্যের তালিকা আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সংশ্লিষ্ট দপ্তর/বিভাগীয় প্রধান (সকল), ব্রাহ্মণবাড়িয়া ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
০২.	তথ্য অধিকার ও তথ্য প্রকাশ -কারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান	তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধি-বিধান অনুসারে প্রদানযোগ্য তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে আবেদনকারীকে সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও তথ্য প্রদানকারী ইউনিটের কর্মকর্তা (সকল)।
০৩.	জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা ও উপজেলা কমিটি এবং বিভিন্ন সরকারি /বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয় করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটি
০৪.	তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে তথ্য প্রদানকারী কর্মকর্তাগণকে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত আলোচনা	যে সকল দপ্তরের তথ্য প্রদানকারী কর্মকর্তাগণ এখনো অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করেননি তাদেরকে অতি দ্রুত প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	১। সংশ্লিষ্ট দপ্তর/বিভাগীয় প্রধান (সকল), ব্রাহ্মণবাড়িয়া ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
০৫.	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ও বিকল্প কর্মকর্তা নিয়োগ প্রদান সংক্রান্ত আলোচনা	তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে যে সকল দপ্তর এখনো দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা নিয়োগ করেননি তাদেরকে অতি দ্রুত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা নিয়োগ প্রদান করে মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য কমিশন, বিভাগীয় কমিশনারসহ জেলাপ্রশাসনকে অবহিত করার অনুরোধ করেন এবং ওয়েবপোর্টাল হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সংশ্লিষ্ট দপ্তর/বিভাগীয় প্রধান (সকল), ব্রাহ্মণবাড়িয়া ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া

০৬.	তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন	তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী তথ্য অধিকার আইন বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে যথাযথ কার্যক্রম/ পদক্ষেপ গ্রহণের জন্য সভায় পুনরায় অনুরোধ জানানো হয়।	১। সংশ্লিষ্ট দপ্তর/বিভাগীয় প্রধান (সকল), ব্রাহ্মণবাড়িয়া ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
-----	-------------------------------------	---	---

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শাহগীর আলম  
জেলাপ্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০২৬.০৬.০০১.২২.৮০

তারিখ: ১৩ আষাঢ়, ১৪২৯

২৭ জুন ২০২২

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৩) সচিব, সচিব এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ৪) উপসচিব, তথ্য অধিকার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
- ৬) সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া।
- ৭) অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৮) উপপরিচালক, ....., ব্রাহ্মণবাড়িয়া।
- ৯) উপজেলা নির্বাহী অফিসার, .....(সকল), ব্রাহ্মণবাড়িয়া।
- ১০) জনাব ..... সদস্য, তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ  
জেলা উপদেষ্টা কমিটি, ব্রাহ্মণবাড়িয়া।



মোঃ শাহগীর আলম  
জেলাপ্রশাসক